



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.২৩-৫৪৩

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।


সূত্র : বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৪৫.০০০০.০১৫.২৭.০০৪.১৮-৭৭; তারিখ: ২৮/০৪/২০২৪ খ্রি।

যেহেতু, আপনি জনাব আব্দুল কাদের সেখ, জামালপুর জেলার ইসলামপুর পৌরসভার মেয়র হিসেবে দায়িত্ব পালন করছেন এবং আপনার বিরুদ্ধে উক্ত পৌরসভার ১১ (এগারো) জন কাউন্সিলর কর্তৃক আনীত স্বেচ্ছাচারী আচরণ, সরকারি গুদামের মালামাল লুট, আত্মসাৎ এবং দুর্নীতির অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হয়েছে, যা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২ ধারায় পরিপন্থি; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়া স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(খ)(ঘ) অনুযায়ী 'পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কার্যকলাপে জড়িত থাকা' এবং অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাব্যস্ত হওয়ার পর্যায়ভুক্ত অপরাধ;

৪। সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(খ)(ঘ) এবং (২) অনুযায়ী জনাব আব্দুল কাদের সেখ -কে ইসলামপুর পৌরসভার মেয়র পদ হতে কেন অপসারণ করা হবে না, এই মর্মে উক্ত আইনের ধারা ৩২(৩) অনুযায়ী আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৯/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

জনাব আব্দুল কাদের সেখ
পিতা-মৃতঃ উমর আলী সেখ
গ্রাম: চর গাঁওকুড়া, ওয়ার্ড নং-০৬,
ডাকঘর: পলবান্দা, ইসলামপুর পৌরসভা,
উপজেলা: ইসলামপুর,
জেলা: জামালপুর (মেয়র, ইসলামপুর পৌরসভা, জামালপুর)

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. জেলা প্রশাসক, জামালপুর
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৮. অফিস কপি